

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd
আইআইসি(EOI) সংক্রান্ত

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৯.৩৭.৬৩৯.১৮-০১

তারিখঃ ১৯ পৌষ ১৪২৫ বঙ্গাব্দ
০২ জানুয়ারী ২০১৯ খ্রিঃ

| | | |
|-----|----------------------------------|---|
| ১. | মন্ত্রণালয়/বিভাগ | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় |
| ২. | এজেন্সী | যুব উন্নয়ন অধিদপ্তর |
| ৩. | EOI আহ্বানকারীর নাম | আবুল হাছান খান (যুগ্ম-সচিব) |
| ৪. | EOI আহ্বানকারীর পদবী | পরিচালক (যুগ্ম-সচিব), ন্যাশনাল সার্ভিস কর্মসূচি |
| ৫. | EOI আহ্বানকারীর অফিসের নাম | যুব উন্নয়ন অধিদপ্তর, ১০৮ মতিঝিল বা/এ-ঢাকা। |
| ৬. | কাজের সংক্ষিপ্ত বিবরণ | ৩য়, ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ ও ৭ম পর্ব ভুক্ত ন্যাশনাল সার্ভিস কর্মসূচির (১৭ টি উপজেলা+২০ টি উপজেলা+ ২৪ টি উপজেলা+ ২০ টি উপজেলা+ ২০ টি উপজেলা)=১০১ টি উপজেলার অন্তর্গত ১৬০৪৭৮ জন যুবক ও যুবনারীর ডাটাবেইজ ও ডাটা এন্ট্রি সফটওয়্যার নির্মাণ। |
| ৭. | বাজেট এবং তহবিলের উৎস | জিওবি |
| ৮. | কর্মসূচির নাম | ন্যাশনাল সার্ভিস কর্মসূচি। |
| ৯. | EOI দাখিলের শেষ তারিখ ও সময় | ১৫/০১/২০১৯ বিকাল ৩.০০ টা পর্যন্ত। |
| ১০. | প্রস্তাব গ্রহণকারী অফিসের ঠিকানা | পরিচালক (যুগ্ম-সচিব), ন্যাশনাল সার্ভিস কর্মসূচি, যুব উন্নয়ন অধিদপ্তর, ১০৮ মতিঝিল বা/এ-ঢাকা-১০০০। |
| ১১. | EOI দাখিলকারীর যোগ্যতা | ১) হালনাগাদ ট্রেড লাইসেন্স, টিআইএন সনদ, আয়কর পরিশোধের হালনাগাদ সনদ এবং ভ্যাট নিবন্ধন থাকতে হবে। ২) সংশ্লিষ্ট (সফটওয়্যার) কাজের পূর্ব অভিজ্ঞতা থাকতে হবে। ব্যক্তির যোগ্যতা এবং সংশ্লিষ্ট কাজের গ্রহণযোগ্য পূর্ব অভিজ্ঞতা বিবেচনাযোগ্য। ৩) ব্যয়ের স্বচ্ছতার সনদ। |

১২. কাজের বিবরণ /TOR :

ন্যাশনাল সার্ভিস কর্মসূচি সরকারের উচ্চ অধীকারপ্রাপ্ত কর্মসূচি। এ কর্মসূচির মাধ্যমে শিক্ষিত বেকার যুবদের অস্থায়ী কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ২০০৯-১০ অর্থবছরে ন্যাশনাল সার্ভিস কর্মসূচি গ্রহণ করা হয়। এ কর্মসূচির অধীনে একজন শিক্ষিত বেকার যুবক ও যুবনারীকে নীতিমালা অনুযায়ী ১০টি নির্ধারিত মডিউলে ৩মাস প্রশিক্ষণ প্রদান করা হয় এবং প্রশিক্ষণোত্তর ২ বছর মেয়াদী অস্থায়ী কর্মসংস্থানে নিযুক্ত করা হয়। এ কর্মসূচি শিক্ষিত বেকার যুবদের জাতিগঠনমূলক কর্মকাণ্ডে সম্পৃক্তকরণের একটি উল্লেখযোগ্য প্রক্রিয়া। উল্লেখ্য যে, কর্মসূচির সুবিধাভোগীগণ শিক্ষা, স্বাস্থ্য, স্থানীয় সরকার, বিভিন্ন সরকারী দপ্তর, বিশেষতঃ কৃষি, মৎস্য, প্রাণিসম্পদ এর মতো বিভাগে নিয়োজিত হয়ে দায়িত্ব পালন করে থাকে। কর্মসূচির প্রশিক্ষণ ও অস্থায়ী সংযুক্তির অভিজ্ঞতা কাজে লাগিয়ে একজন যুবক/যুবনারী অস্থায়ী সংযুক্তির মেয়াদ পূর্তির পর উপার্জনে সক্ষম হবেন কিংবা আত্মকর্মসংস্থানের মাধ্যমে সাবলম্বিতা অর্জনে সক্ষম হবেন তা-ই প্রত্যাশা। এ কর্মসূচির ৩য়, ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ ও ৭ম পর্বভুক্ত উপকারভোগীদের ডাটাবেইজ প্রণয়ন আবশ্যিক। এর ফলে উপকারভোগীদের আর্থ-সামাজিক অবস্থানসহ কর্মসংস্থানের ক্ষেত্রে চিহ্নিতকরণ সহায়ক হবে।

| পর্ব | উপজেলার সংখ্যা | প্রশিক্ষণপ্রাপ্ত যুব সংখ্যা | অস্থায়ী কর্মে সংযুক্তিপ্রাপ্ত যুব সংখ্যা |
|------|----------------|-----------------------------|---|
| ৩য় | ১৭ টি উপজেলা | ১৪৮০৩ | ১৪৮০৩ জন |
| ৪র্থ | ২০ টি উপজেলা | ২৬৩৭৮ | ২৬৩৭৮ জন |
| ৫ম | ২৪ টি উপজেলা | ৩৭১৪১ | ৩৭১৪১ জন |
| ৬ষ্ঠ | ২০ টি উপজেলা | ৫২১৮৮ | ৫২১৮৮ জন |
| ৭ম | ২০ টি উপজেলা | ২৯৯৬৮ | ২৯৯৬৮ জন |
| | মোট | ১৬০৪৭৮ জন | ১৬০৪৭৮ জন |

| | | |
|-----|--|--|
| ১৩. | EOI আহ্বানকারীর সাথে যোগাযোগের মাধ্যমে | টেলিফোন : ০২-৯৫৬০৭০৩ |
| ১৪. | বিশেষ নির্দেশনা | ক) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন অথবা সকল আইআইসি(EOI) বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। খ) দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, টিআইএন সনদ, আয়কর পরিশোধের হালনাগাদ সনদ, অভিজ্ঞতার সনদ ও ভ্যাট নিবন্ধনসহ অন্যান্য সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। |

(আবুল হাছান খান)
পরিচালক(যুগ্ম-সচিব)
ন্যাশনাল সার্ভিস কর্মসূচি
ফোন ০২-৯৫৬০৭০৩